# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৭৯

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ মৃত প্রাণীর চামড়া দ্বারা উপকৃত হওয়ার নির্দেশ, যখন তা দাবাগত বা পাকা করা হয়

ذِكْرُ الْأَمْرِ بِالِانْتِفَاعِ بِجُلُودِ الْمَيْتَةِ إِذَا دُبغت

---

আরবী

1279 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ قَالَ: حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ عَنِ الزُّهْرِيِّ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ: عَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَرَّ بِشَاةٍ مَيْتَةٍ قَالَ: (هَلَّا اسْتَمْتَعْتُمْ بِجِلْدِهَا؟ ) قَالُوا: يَا رَسُولَ اللَّهِ إِنَّهَا مَيْتَةٌ قَالَ: (إِنَّمَا حُرِّمَ أَكْلُهَا)

الراوي : عَبْد اللَّهِ بْن عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1279 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১২৭৯. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একটি মৃত মেষের পাশ দিয়ে অতিক্রমকালে বলেন, “তোমরা এর চামড়া দিয়ে উপকৃত হওনি কেন?” সাহাবীগণ বললেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, এটা তো মৃত!” জবাবে তিনি বলেন, “নিশ্চয়ই কেবল হারাম করা হয়েছে তা ভক্ষন করা ।”[1]

ফুটনোট

[1] দারাকুতনী: ১/৪৭; মুয়াত্তা ইমাম মালিক: ২/৪৯৮; মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/২৩; মুসনাদ আহমাদ: ১/৩২৭; আবূ আওয়ানা: ১/২১০; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৮৪; আবূ দাউদ: ৪১২০; নাসাঈ: ৭/১৭২; দারেমী: ২/৮৬; দারাকুতনী: ১/৪১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রাহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন

রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন (গায়াতুল মারাম: ২৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90593

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন